01 MAR 1995

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 MAR 1995
পৃষ্ঠা ১১ কলাম ৫

26

# ১৩টি মেডিক্যাল কলেজে আসন ১৪৫০ ॥ ভর্তিচ্ছু ২০ হাজার

আবুল খায়ের ॥ দেশের ১৩টি মেডিকেল কলেজে এমবিবিএস ১৯৯৪-৯৫ শিক্ষা বর্ষে ১৪৫০টি আসনে ভর্তির জন্য প্রায় ২০ হাজার ছাত্র-ছাত্রী আবেদন করিয়াছে। গত শিক্ষা বর্ষে আবেদন করিয়াছিল ১৭ হাজার ছাত্র-ছাত্রী। তখন আসন ছিল ১৩২৫টি। সিলেট, ময়মনসিংহ, বরিশাল, রাজশাহী ও রংপুর মেডিকেল কলেজে চলতি বছরে ২৫টি করিয়া আসন বৃদ্ধি করার ফলে নতুন আরও ১২৫ জন ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পাইবে। অর্থাৎ উক্ত ৫টি মেডিকেল কলেজে ১৫০ জন করিয়া ভর্তির সুযোগ পাইবে। ইতিপূর্বে শুধু ঢাকা

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## মেডিক্যাল কলেজে

( ১ম পৃঃ পর )

মেডিকেল কলেজ, সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও চট্টগ্রাম মেডিকেল কলেজে ১৫০টি আসনে ভর্তি করা হইতেছিল।

নূতন ৫টি মেডিকেল কলেজে ৫০টি করিয়া আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। আগামী ১৭ই মার্চ ১৩টি মেডিকেল কলেজে সকাল ৯টা হইতে সাড়ে ১০টা পর্যন্ত দেড়ঘন্টা একই সময় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এই বছর লিখিত পরীক্ষার নম্বর বৃদ্ধি করা হইয়াছে। এই বছর ৫০ নম্বর বৃদ্ধি করিয়া ১৫০ নম্বরের লিখিত পরীক্ষা হইবে। অন্যান্য পদ্ধতি অপরিবর্তিত থাকিবে এবং মোট ১৯০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

দেশে ৪ সহস্রাধিক ডাক্তার এমবিবিএস পাস করিয়া চাকুরীর অপেক্ষায় রহিয়াছেন। এই ক্ষেত্রে বেকারের সংখ্যা বাড়িতেছে। কিন্তু মেডিকেল কলেজগুলিতে ভর্তি চাহিদা কমে নাই। প্রতি বছর গড়ে ৩ হইতে ৪ হাজার করিয়া ভর্তিচ্ছুকদের সংখ্যা বৃদ্ধি পাইতেছে। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক এ কে শামসুদ্দীন সিদ্দিকী বলেন এমবিবিএস ভর্তি পরীক্ষার যথাযথ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া হইয়াছে। পরিচালক (মেডিকেল এডুকেশন) অধ্যাপক নুরুল আনোয়ার ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রবেশপত্র নিয়া পরীক্ষা শুরু হওয়ার পূর্বে হল রুমে আসার আহ্বান জানাইয়াছেন।